গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
এনটিআর-১
www.mof.gov.bd

## পরিপত্র

নং-০৭.০০.০০০০.১৪৩.১৬.০০৬.২৪-20

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ১৪ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক আর্থিক সংশ্লেষ সংক্রান্ত প্রজ্ঞাপন জারির ক্ষেত্রে অর্থ বিভাগের পরামর্শ গ্রহণের বাধ্যবাধকতা।**

টেকসই বাজেট ব্যবস্থাপনা নিশ্চিতকরণ এবং স্বনির্ভর অর্থনীতির ভিত্তি স্থাপনে এনটিআর (Non-Tax Revenue) এবং নন-এনবিআর (Non-NBR) কর রাজস্বের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজস্ব আহরণের ক্ষেত্রে করের পাশাপাশি কর-বহির্ভূত আয় এবং জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত (Non NBR) উৎস থেকেও রাজস্ব সংগ্রহ জাতীয় বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে বিশেষ অবদান রাখে। অর্থ বিভাগ জাতীয় রাজস্ব কাঠামোর ভিত্তি মজবুত করতে নীতিগত দিকনির্দেশনা প্রদান করে এবং তার কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করে। এ লক্ষ্যে, সুনির্দিষ্ট রাজস্ব নীতি ও প্রশাসনিক কাঠামোর অধীনে অর্থ বিভাগ এনটিআর এবং নন-এনবিআর উৎস থেকে রাজস্ব আহরণ বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় বা বিভাগের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে। বাংলাদেশ সরকার পরিচালিত বিধি ব্যবস্থাপনা ও প্রশাসনিক কাঠামোর আওতায় আর্থিক সংশ্লেষ সংক্রান্ত যেকোনো বিষয়ে মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক বিশেষ আদেশ (Statutory Regulatory Order - SRO)/বিধি, প্রজ্ঞাপন জারি করার পূর্বে অর্থ বিভাগের পরামর্শ গ্রহণ করা বাধ্যতামূলক।

০২। সম্প্রতি পরিলক্ষিত হয়েছে যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক কর-বহির্ভূত রাজস্ব ও জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর রাজস্ব সংক্রান্ত রেইট/ফি কার্যকর করার ক্ষেত্রে অর্থ বিভাগের অনুমোদন গ্রহণ করা হচ্ছে না। প্রসঙ্গত উল্লেখ্য, বাংলাদেশ সরকারের "রুলস অব বিজনেস, ১৯৯৬" এর বিধি-১৩ অনুযায়ী, রাজস্ব নীতি, কর, শুল্ক এবং আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে যে কোন মন্ত্রণালয়/বিভাগ-এর সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে অর্থ বিভাগের মতামত গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে।

০৩। এমতাবস্থায়, "রুলস অব বিজনেস, ১৯৯৬" এর বিধি-১৩ অনুযায়ী আর্থিক সংশ্লেষ সংক্রান্ত প্রজ্ঞাপন জারির ক্ষেত্রে অর্থ বিভাগের পরামর্শ/মতামত গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪/১০/২০২৫

মনোয়ারা পারভীন মিতু
উপসচিব
finance.ntr1@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা (তার অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৪) সিনিয়র সচিব/সচিব,............................................................মন্ত্রণালয়/বিভাগ (তার অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৫) হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (সকল প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা-কে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

৬) বিভাগীয় কমিশনার সকল ........................................................ (তার অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৭) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

৮) অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৯) জেলা প্রশাসক, সকল........................................................ (তার অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

১০) মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১) সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ (পরিপত্রটি অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

১৩) অফিস কপি।